প্রথম আলো

নিয়োগ বিজ্ঞপ্তি

এসকেএস ফাউন্ডেশন জাতীয় পর্যায়ের একটি স্বীকৃত বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যা, ১৯৮৭ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ সহ (এমআরএ-০১৬২১-০০৫৩৪-০০০৪৫) একাধিক প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। উক্ত সংস্থায় ঋণ কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণের নিমিত্তে নিম্নে উল্লিখিত পদে কর্মী নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদেরকে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্রের সঙ্গে পূর্ণ জীবন বৃত্তান্ত (ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ), ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি আগামী **১২ নভেম্বর ২০২৬ ইং** তারিখ অফিস সময়ের মধ্যে **এসকেএস ফাউন্ডেশন, কলেজ রোড, উত্তর হরিণ সিংহা, গাইবান্ধা- ৫৭০০** ঠিকানায় ডাক/কুরিয়ার/সরাসরি প্রেরণের আহবান করা যাচ্ছে। এছাড়াও hr@sks-bd.org এই মেইলে আবেদন করতে পারবেন। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। **পরীক্ষা গ্রহণের ভেন্যু হবে ঢাকা, সিরাজগঞ্জ, রাজশাহী ও গাইবান্ধা জেলা।**

১. সহকারী পরিচালক, এমএফ- (০১ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স। মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) সনদ প্রাপ্ত কোন স্বনামধন্য এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ৫০-৭০ টি ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। বয়স-অনুর্ধ্ব ৪৫ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ১,০০,০০০/- টাকা এবং স্থায়ী হলে বেতন ভাতা হবে ১,৩৬,৩০০/- টাকা। এছাড়াও মোবাইল ভাতা ও ব্রাঞ্চ পরিদর্শনের জন্য গাড়ী সুবিধা এবং নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।

২. রিজিওনাল ম্যানেজার- (০৩ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ২৫ টি ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৪৫ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ৫৫,০০০/- টাকা এবং স্থায়ী হলে বেতন ভাতা হবে ৬৩,০০০/- টাকা। এছাড়াও মোবাইল ভাতা ১,৫০০/-, জ্বালানী ভাতা ৪,০০০/-, দূরত্ব ভাতা ও নিয়মানুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন। উল্লেখ্য যে, অধিক যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে।

৩. এরিয়া ম্যানেজার- (০৫ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স/চার বছর মেয়াদী অনার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ০৫ টি ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৩-৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৪৫ বছর। বেতন-ভাতা: : শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ৪২,৫০০/- টাকা এবং স্থায়ী হলে বেতন ভাতা হবে ৪৭,৬২৫/- টাকা। এছাড়াও মোবাইল ভাতা ১,০০০/-, জ্বালানী ভাতা ৪,০০০/-, দূরত্ব ভাতা ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা ও নিয়মানুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন। উল্লেখ্য যে, অধিক যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে।

৪. ব্রাঞ্চ ম্যানেজার- (১০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স/চার বছর মেয়াদী অনার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৪০ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ৩৭,৫০০/- টাকা এবং স্থায়ী হলে বেতন ভাতা হবে ৪১,৪৭৫/- টাকা। এছাড়াও মোবাইল ভাতা ৭০০/-, জ্বালানী ভাতা ৩,৫০০/-, দূরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা ও নিয়মানুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন। উল্লেখ্য যে, অধিক যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বেতন আলোচনা সাপেক্ষে।

৫. ফিল্ড অফিসার- (৫০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স/চার বছর মেয়াদী অনার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। মোটরসাইকেল চালনার দক্ষতা থাকতে হবে। বয়স- অনুর্ধ্ব ৩৫ বছর তবে অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ২২,৫০০/- টাকা এবং স্থায়ী হলে বেতন ভাতা হবে ৩০,৩৬০/- টাকা। এছাড়াও দূরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে), লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা ও অতিরিক্ত জ্বালানী ভাতা ১,০০০/- এবং নিয়মানুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন। নারী প্রার্থীদের ক্ষেত্রে নিজ বাড়ির নিকটবর্তী ব্রাঞ্চে পোস্টিং দেয়া হবে।

৬. এ্যাসিস্ট্যান্ট ফিল্ড অফিসার- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রী/সমমান। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ১-২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। মোটরসাইকেল চালনার দক্ষতা থাকতে হবে। বয়স- অনুর্ধ্ব ৩৫ বছর তবে অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ২০,৫০০/- টাকা এবং স্থায়ী হলে বেতন ভাতা হবে ২৯,২৩৫/- টাকা। এছাড়াও দূরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে), লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা ও অতিরিক্ত জ্বালানী ভাতা ১,০০০/- এবং নিয়মানুযায়ী অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন। নারী প্রার্থীদের ক্ষেত্রে নিজ বাড়ির নিকটবর্তী ব্রাঞ্চে পোস্টিং দেয়া হবে।

এছাড়াও সাপ্তাহিক ২ দিন ছুটি, ব্যয়বহুল স্থান ও চরে অবস্থিত ব্রাঞ্চে কাজের জন্য বিশেষ যাতায়াত ভাতা এবং সফলভাবে শিক্ষানবিশকাল সমাপ্তের পর সংস্থার নিয়ম অনুযায়ী পি.এফ, গ্রাচুয়িটি, চিকিৎসা সেবা সহায়তা, বৈশাখী ভাতা, উৎসব ভাতা প্রদান করা হবে। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে পেতে ও অনলাইন আবেদনের জন্য ভিজিট করুন: **https://www.sks-bd.org/index.php/career**

বি: দ্রঃ খামের উপরে এবং আবেদনপত্রে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী ছাড়া অন্যান্যদের আবেদন গ্রহণযোগ্য হবে না। উক্ত নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার আর্থিক লেনদেন হতে বিরত থাকুন।

উপ-পরিচালক
মানব সম্পদ

CamScanner